গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সংগঠন ও ব্যবস্থাপনা শাখা
আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা

পত্র নম্বর -৪১.০১.০০০০.০০৮.০৬.০০৩.১৬-১২৯ তারিখ- ১৯ ভাদ্র ১৪৩১ / ০৩ সেপ্টেম্বর ২০২৪

**পরিপত্র**

**বিষয়: সমাজসেবা অধিদপ্তরের নবসৃজিত শিশু সুরক্ষা ইউনিট এর কার্যাবলী নির্ধারণ।**

সমাজসেবা অধিদপ্তরাধীন নবসৃজিত শিশু সুরক্ষা ইউনিট এর কার্যাবলী নিম্নরূপে নির্ধারণ করা হলো:-

(১) জাতিসংঘ শিশু অধিকার সনদসহ শিশু অধিকার সংশ্লিষ্ট আন্তর্জাতিক সনদ, ঘোষণা, ইত্যাদি অনুসরণপূর্বক শিশু সুরক্ষা সংক্রান্ত বিদ্যমান আইন, বিধিমালা, নীতি, বাস্তবায়ন নীতিমালা বা নির্দেশিকা পর্যালোচনা, ক্ষেত্রমত, প্রণয়ন এবং যথাযথ প্রক্রিয়ায় অনুমোদনের পদক্ষেপ গ্রহণ;

(২) শিশু নির্যাতন, শোষণ, অবহেলা ও শিশুর প্রতি সহিংসতার প্রতিরোধ ও প্রতিকার নিশ্চিতকল্পে চাইল্ড সেফগার্ডিং এবং শিশু সুরক্ষা (Child Safeguarding and Child Protection) সংক্রান্ত নীতি ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন;

(৩) পিতৃহীন, পিতৃমাতৃহীন, পিতামাতার যত্নবঞ্চিত শিশুসহ সুবিধাবঞ্চিত শিশুদের যত্ন-পরিচর্যা, সুরক্ষা ও উন্নয়ন নিশ্চিতকল্পে, ক্ষেত্রমত, বিকল্প পরিচর্যার (Alternative Care) আওতায় ফস্টারকেয়ার (Foster care), কীনশীপ (Kinship), অভিভাবকত্ব (Guardianship), ইত্যাদি পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত প্রমিত বাস্তবায়ন পদ্ধতি (Standard Operating Procedure-SOP) প্রণয়ন;

(৪) শিশুর ঝুঁকি নিরূপণসহ শিশুর বিকাশ ও উন্নয়ন নিশ্চিতকল্পে পদ্ধতিভিত্তিক ব্যবস্থা হিসেবে কেস ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারবান্ধবকরণের নিমিত্ত নির্দেশিকা সম্বলিত প্রমিত বাস্তবায়ন পদ্ধতি (Standard Operating Procedure-SOP) পর্যালোচনা, যুগোপযোগীকরণ, ক্ষেত্রমত, প্রণয়ন;

(৫) আইনের সাথে সংঘাতে জড়িত শিশুর সর্বোত্তম স্বার্থ নিশ্চিতকল্পে বিকল্প পন্থা (Diversion) বাস্তবায়নের নিমিত্ত প্রমিত বাস্তবায়ন পদ্ধতি (Standard Operating Procedure-SOP) প্রণয়ন, বিকল্প পন্থা বাস্তবায়ন প্রক্রিয়া পর্যালোচনা;

(৬) শিশু সুরক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণ, পরিষেবা কাঠামোর উন্নয়ন ও সেবা সম্প্রসারণের নিমিত্ত সরকারি বিভিন্ন দপ্তর-সংস্থা, জাতিসংঘ সংশ্লিষ্ট সংস্থা, উন্নয়ন সহযোগী, আন্তর্জাতিক সংস্থা এবং দেশীয় সংস্থাসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং সমাজসেবা অধিদপ্তরের পক্ষে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের লক্ষ্যে যথাপ্রয়োজন পদক্ষেপ গ্রহণ;

(৭) সমাজসেবা অধিদপ্তরসহ অন্যান্য অংশীজন সংস্থা/দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের শিশু সুরক্ষা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি এবং শিশু আইন, ২০১৩ ও কেস ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের নিমিত্ত কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন;

(৮) শিশুকল্যাণ বোর্ড এর সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, পর্যালোচনা এবং সভা নিয়মিত অনুষ্ঠানের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ;

(৯) সমাজভিত্তিক শিশু সুরক্ষা কমিটি (Community Based Child Protection Committee-CBCPC) কার্যকর ও শক্তিশালীকরণের নিমিত্ত উদ্যোগ গ্রহণ, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন;

(১০) শিশু অধিকার সুরক্ষার নিমিত্ত জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণার উদ্যোগ গ্রহণ এবং এতৎসংক্রান্ত কর্মশালা, সেমিনার ইত্যাদি আয়োজন;

(১১) বাল্যবিবাহ, ঝুঁকিপূর্ণ শিশু শ্রম, স্কুল থেকে ঝরে পড়াসহ বিভিন্ন ঝুঁকিতে থাকা শিশুসহ সুবিধাবঞ্চিত শিশুকে কেস ম্যানেজমেন্ট এর আওতায় বিকল্প পরিচর্যা ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে, ক্ষেত্রমত, শিশু সুরক্ষা ভাতা, শর্তযুক্ত অর্থ বা সহায়তা প্রদানের উদ্যোগ গ্রহণ;

(১২) পথশিশুসহ সুবিধাবঞ্চিত শিশুদের উন্নয়ন নিশ্চিতকল্পে পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সঠিক পরিসংখ্যান নিরূপণের লক্ষ্যে তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ এবং পথশিশুসহ সুবিধাবঞ্চিত শিশুদের ঝুঁকি চিহ্নিতকরণসহ সবল-দুর্বল দিক নিরূপণের নিমিত্ত কেস স্টাডি ও গবেষণা পরিচালনা;

(১৩) পথশিশুসহ ঝুঁকিতে থাকা সুবিধাবঞ্চিত শিশুদের নিরাপদ আশ্রয়, আবাসন, শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের নিমিত্ত পরিবারে পুনঃএকীকরণ, Drop-in Center (DIC), Emergency Night Shelter (ENS), Child Friendly Space (CFS), Open Air School (OAS) ইত্যাদি পরিচালনাসহ অন্যান্য কার্যকর উদ্যোগ গ্রহণ;

(১৪) কিশোর গ্যাংসহ নানাবিধ অপরাধ প্রবণতা রোধকল্পে বিদ্যালয় সমাজকর্মসহ উপযোগী পদক্ষেপ গ্রহণ;

(১৫) সুবিধাবঞ্চিত শিশু, আইনের সংস্পর্শে আসা শিশু এবং আইনের সাথে সংঘাতে জড়িত শিশুদের উন্নয়ন নিশ্চিতকল্পে যথা উপযোগী কর্মসূচি বা প্রকল্প গ্রহণের নিমিত্ত চাহিদা যাচাইয়ের (Need Assessment) লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ;

(১৬) জাতিসংঘ শিশু তহবিল (UNICEF), বিশ্বব্যাংকসহ জাতিসংঘ সংশ্লিষ্ট সংস্থা, উন্নয়ন সহযোগী, আন্তর্জাতিক সংস্থা (INGO) এবং দেশীয় সংস্থাসমূহ কর্তৃক সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন শিশু সুরক্ষা সংশ্লিষ্ট পদক্ষেপ গ্রহণ, পরিবীক্ষণ ও সমন্বয়;

(১৭) শিশু সুরক্ষায় চাইল্ড হেল্প লাইন ১০৯৮ এর কার্যক্রম পরিবীক্ষণ; এবং

(১৮) জরুরি ও বিশেষ পরিস্থিতিতে শিশু সুরক্ষাসেবা কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনা এবং জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা শিশু সুরক্ষা কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও দিকনির্দেশনা প্রদান।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৩/০১/২০২৪

(ড. আবু সালেহ্ মোস্তফা কামাল)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-৫৫০০৭০২৪
ইমেইল-dg@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, সিএসপিবি প্রকল্প (ফেইজ-২), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, সমাজসেবা অধিদপ্তর (সকল)।
৭. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমী, আগারগাঁও, ঢাকা।
৮. উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. উপপরিচালক, শিশু সুরক্ষা ইউনিট, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১০. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
১১. দপ্তর নথি।